গাংনীতে পুলিশের অভিযানে এক আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনী থানা পুলিশের বিশেষ অভিযানে এক জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত থেকে আজ বুধবার সকাল পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এই এক জন আসামিকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলেন চৌগাছার মৃত আঃ মান্নানের ছেলে মোঃ গোলাম কিবরিয়া (৫২)।

গ্রেফতাকৃতকে আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগর উপজেলা বিএনপির মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধসহ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে শহীদ সকল বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে মুজিবনগর উপজেলা বিএনপি ও এর অঙ্গসংগঠন।

বুধবার সকালে জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলা বিএনপি, উপজেলা যুবদল, ছাত্রদল, জাসাসসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা র্যালিসহকারে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলে অংশগ্রহণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, উপজেলা জাসাস সভাপতি জুলফিকার খান হেলালসহ উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা দিবস।

প্রত্যুষে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

এরপর সূর্যোদয়ের সাথে সাথে শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে জেলা প্রশাসক সিফাত মেহনাজ পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে পুলিশ সুপার মাকসুদা আখতার খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর একে একে জেলার মুক্তিযোদ্ধা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মী, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক



সংগঠনগুলোর প্রতিনিধি, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

সকাল ৯টায় স্টেডিয়াম মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এছাড়া দিনের বিভিন্ন সময়ে আলোচনা সভা, উন্নতমানের খাবার পরিবেশন, প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

অন্যদিকে, গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়। প্রত্যুষে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে কর্মসূচির সূচনা হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার নেতৃত্বে উপজেলা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগ, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, গাংনী উপজেলা প্রেসক্লাবসহ বিভিন্ন দফতরের উদ্যোগে পৃথকভাবে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। মুজিবনগরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডলের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগের পক্ষ থেকে ওসি মিজানুর রহমানের নেতৃত্বেও পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন সরকারি দফতর, স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়কসহ তিন নেতার বহিষ্কার দাবি

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু ও যুবদল নেতা আব্দাল হোসেনকে দল থেকে বহিষ্কার দাবি করেছেন রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম।

চাঁদপুর গ্রামে আওয়ামী লীগের ইফতার মাহফিলে সহযোগিতা করেছেন এমন অভিযোগ তুলে আজ মঙ্গলবার বিকালে রায়পুর ইউনিয়নের কড়ুইগাছি গ্রামে এক প্রতিবাদ সভায় তিনি বিএনপি’র এই তিন নেতার বহিষ্কার দাবি করেন।

তিনি আরো বলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মিল্টন রায়পুর ইউনিয়নের দু’জনকে কমিটি গঠনের দায়িত্ব দিয়েছে। তারা যেখানে কমিটি গঠন করতে যাচ্ছে সেখানেই মারধর খেয়ে পুলিশের সহযোগিতায় বাড়ি ফিরছে।

তিনি আরও অভিযোগ করে বলেন, প্রত্যেকটা ওয়ার্ড কমিটিতে আওয়ামী লীগের লোকজনকে পদ দেওয়া হচ্ছে। বঞ্চিত করা হচ্ছে ত্যাগী নেতাদের।

তিনি আরও বলেন, আব্দাল হক যুবদল কর্মী হলেও তাকে বিএনপি’র মত বড় দলের কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

কড়ুইগাছি গ্রামের বিএনপি নেতা আমিরুল হক আমুলের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, রায়পুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম জাকারিয়া, বিএনপি নেতা আনারুল ইসলাম, শালদহ গ্রাম বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক ঝুনুসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন দরবেশপুরে প্রত্যাশার আলো সংগঠনের ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে নতুন দরবেশপুরে একটি অলাভ জনক স্বেচ্ছাসেবী সংগঠন প্রত্যাশার আলোর পক্ষ থেকে দ্বিতীয় দিনের মত গ্রামের হতদরিদ্র ও সুবিধা বঞ্চিতদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার

নতুন দরবেশপুর গ্রামের পূর্বপাড়ার প্রায় ৫০ জন দরিদ্রের মাঝে উপহার হিসেবে নগদ অর্থ প্রদান করা হয়।

প্রত্যাশার আলো” মানবতার জাগরণে এক আশার আলো। সমাজে মানবিক মূল্যবোধের অবক্ষয় রোধে ও মানুষের নৈতিক চেতনা জাগিয়ে তুলতে “প্রত্যাশার আলো” নামে এক সামাজিক সংগঠন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। “মানুষের ঘুমন্ত নষ্ট হওয়া বিবেক ও অসুস্থ মনুষত্ব্যবোধটা জাগ্রত করার সামান্যতম প্রয়াসে – প্রজন্ম প্রত্যাশা বিনির্মাণে আমরা”—এই স্লোগানকে সামনে রেখে সংগঠনটি সমাজের অসহায়, সুবিধাবঞ্চিত ও নির্যাতিত মানুষের পাশে দাঁড়ানোর সংকল্প নিয়েছে।

সংগঠনের সাধারন সম্পাদক শাকিল আহমেদ বলেন, “আমরা এমন একটি সমাজ গড়তে চাই, যেখানে মানুষ তার বিবেক ও মনুষ্যত্বের চেতনা নিয়ে বেঁচে থাকবে। সমাজের প্রতিটি মানুষের প্রতি আমাদের দায়িত্ব রয়েছে, আর সেই দায়িত্ববোধ থেকেই ‘প্রত্যাশার আলো’ সংগঠন গড়ে উঠেছে। আমরা বিশ্বাস করি, সামান্য প্রচেষ্টা বড় পরিবর্তন আনতে পারে।”

আমাদের সংগঠনটি ইতোমধ্যে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করেছে। এর মধ্যে দুঃস্থ ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষাসামগ্রী বিতরণ। গরিব ও অসহায় মানুষের মাঝে খাবার ও প্রয়োজনীয় সামগ্রী বিতরণ। বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান। সমাজে মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন ইত্যাদি উল্লেখযোগ্য।

সংগঠনের সার্বিক তত্ত্বাবধানে আছেন সভাপতি শামিমুল ইসলাম শামীম। তিনি বলেন, আমাদের লক্ষ্য শুধু সাহায্য করা নয়, বরং মানুষকে স্বাবলম্বী করে তোলা, যাতে তারা নিজেরাই পরিবর্তনের অংশ হতে পারে।

“প্রত্যাশার আলো” সকলের প্রতি আহ্বান জানাচ্ছে—আসুন, আমরা সবাই মিলে মানবতার কল্যাণে কাজ করি, অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াই এবং মাদকমুক্ত সমাজ গড়ি। উক্ত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্হিত ছিলেন পূর্ব পাড়ার বিশিষ্ট সম্মানিত ব্যক্তিবর্গ ।

এছাড়াও উপস্হিত ছিলেন প্রত্যাশার আলো সংগঠনের উপদেষ্টা পরিষদের সদস্য মুফতি খায়রুল বাশার, মাহাবুবুল ইসলাম, আশাদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আকাশ ইসলাম, দপ্তরসম্পাদক নাজমুস সাকিব, প্রচার

সম্পাদক মুন আফ্রিদী, ছাত্রবৃত্তি সম্পাদক তাসিনুল ইসলাম সৌরভ, উন্নয়ন বিষয়ক সম্পাদক আহসান তাহমিদ কার্যকারী সদস্যদের মধ্যে উপস্হিত ছিলেন হাসিবুল, রফিক, সুজন, রশিদ, সাইরুল, সাহাবুল, সাকিব, সাহাদ, মমিন সহ অনেকে ।

গণহত্যা দিবসে মেহেরপুর সরকারি মহিলা কলেজে আলোচনা সভা

একটি অসাম্প্রদায়িক, বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশ গড়ার জন্য ত্রিশ লাখ বাঙালি আত্মোৎসর্গ করেছেন। মহান মুক্তিযুদ্ধে আমার বাবা, স্কুলশিক্ষক এমলাক হোসেন, পাকিস্তানি হানাদার বাহিনীর বুলেটে শহীদ হন। আমরা তাঁর লাশটিও খুঁজে পাইনি।

গণহত্যা দিবস উপলক্ষে মঙ্গলবার মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষক মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন বীর মুক্তিযোদ্ধা ও শহীদ সন্তান, চারুশিল্পী গোলাম মোস্তফা। অনুষ্ঠানে তাঁকে ক্রেস্ট ও ফুল দিয়ে সম্মাননা জানানো হয়।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুল্লাহ আল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দিন, প্রভাষক রূপালী বিশ্বাস প্রমুখ।

সভা শেষে দেশ ও জাতির কল্যাণ এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করেন সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম।

মেহেরপুরে আমদহ ইউনিয়ন বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি খালেকুজ্জামান মজনুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য মারুফ আহমেদ বিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

এসময় নেতারা বলেন, ১৬ টি বছর শেখ হাসিনার সংগ্রাম লড়াই সংগ্রাম করেছে দিনের পর দিন জেল খেটেছেন দিনের পর দিন মাসের পর মাস কোর্টের হাজিরা দিয়েছি। রোদে পুড়ে পালিয়ে বেড়াইছেন গভীর শীতের মধ্যে বাড়ি ঘর ছেড়ে পালিয়ে বেড়াচ্ছেন এত ত্যাগের মধ্যে শেখ হাসিনাকে বিদায় করেছি।

এছাড়াও এসময় পৌর বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, পৌরসভার ১ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি আহসান হাবীব, পৌর বিএনপি’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনা, আমদহ ইউনিয়ন বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান, সাইদুর রহমান, বিএনপির নেতা আব্দুল সাত্তার মুক্ত, ফিরোজ, রিপন শান্তসহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আবারও লাশের মিছিল,

সড়কে ঝরলো প্রাণ

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর মাঠে সড়ক দুর্ঘটনায় মোশাররফ হোসেন (৬০) নামে একজন নিহত হয়েছেন।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমাদহ-আশরাফপুর সড়কে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মোশাররফ হোসেন মোটরসাইকেলযোগে মাঠ থেকে বাড়ি ফিরছিলেন। পথে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টরের সঙ্গে তার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে তিনি গুরুতর আহত হন।

স্থানীয়রা তাঁকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। তবে সন্ধ্যার দিকে ঢাকায় নেওয়ার পথেই তাঁর মৃত্যু হয়।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহউদ্দিন পারিবারিক সূত্রের বরাত দিয়ে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত মোশাররফ হোসেন মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের আলামিন হোসেনের ছেলে।

গাংনীতে হোমিও ডাক্তারের চেম্বার থেকে অ্যালকোহল উদ্ধার, ডাক্তার আটক

মেহেরপুরের গাংনীতে হোমিও ডাক্তারের চেম্বার থেকে বিপুল পরিমাণের অ্যালকোহল উদ্ধার করা হয়েছে। এ সময় আটক করা হয় অভিযুক্ত ডাক্তারকে।

আটককৃত হোমিও ডাক্তার নিলুফার ইয়াসমিন উপজেলার গাঁড়াডোব

গ্রামের মৃত হাফিজ উদ্দীনের মেয়ে। দীর্ঘদিন ধরে চিকিৎসার আড়ালে এলকোহল বিক্রির অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

মঙ্গলবার দুপুরে গাংনী যৌথ বাহিনীর মাদক বিরোধী ট্রান্সফোর্সের অভিযানে ১,১২২ বোতল অ্যালকোহল উদ্ধার করা হয়, যার বাজারমূল্য আনুমানিক ১ লাখ ৭০ হাজার টাকা।

যৌথবাহিনীর নেতৃত্বে অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রিতম সাহা।

অভিযান সূত্রে জানা যায়, গাংনী বাজারের জেলা পরিষদ মার্কেটের “হাফিজ হোমিও হল” থেকে অ্যালকোহল বিক্রির গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। পরে নিলুফার ইয়াসমিনের দেওয়া তথ্যের ভিত্তিতে তার নিজ বাড়ির রান্নাঘর ও পরিত্যক্ত খড়ির ঘর থেকে আরও বিপুল পরিমাণ অ্যালকোহল উদ্ধার করা হয়।

এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, আটককৃত নিলুফার ইয়াসমিনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাকে থানায় হস্তান্তর করা হবে।

অভিযানকালে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মিজানুর রহমান, ২৭ আর্টিলারি রেজিমেন্টের ওয়ারেন্ট অফিসার ফারুক হোসেন এবং গাংনী থানার একটি টিম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামিসহ গ্রেপ্তার ১১

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে জিআর মামলার আসামিসহ বিভিন্ন মামলার ১১ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ২ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ৯ জন রয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাত থেকে আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, কুতুবপুরের মৃত আঃ আজিজের ছেলে মোঃ শামসুল (৫৬) এবং হোটেল বাজারের পিতা- মৃত আব্দুল আজিজের ছেলে রাশেদুর রহমান মামুন (৪৯)।
গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, গাংনী পূর্ব মালসাদহের মৃত আমজাদ আলীর ছেলে মোঃ আঃ গাফফার (৩৫), পশ্চিম মালসাদহের মোঃ জামাল উদ্দিনের ছেলে মোঃ রকিকুল ইসলাম (২৫), ফতাইপুরের মৃত মঙ্গল শেখের ছেলে মোঃ জনি (৪২), হেমায়েতপুরের মৃত ওয়াজ আলীর ছেলে মোঃ হাসেম (৪৫), চৌগাছা মোল্লাপাড়ার মৃত আওলাদ হোসেন মোল্লার ছেলে মোঃ জাকির হোসেন মোল্লা (৬০), রায়পুরের খোশদেল বিশ্বাসের ছেলে মোঃ আব্দুল হান্নান ওরফে হনা (৫০), চাঁদপুরের আবু হানিফের ছেলে রাশিক আহমেদ (২৭), সাদেক আলীর ছেলে আরশেদ আলী (৪২) এবং ভাটপাড়ার মৃত রমজান আলী দেওয়ানের ছেলে খোকন দেওয়ান (৬২)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল অভিযানের নেতৃত্ব দেন। গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে।

জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।